



DIRECTORATE OF FAMILY PLANNING IEM UNIT    Special Supplement : The Daily Star 11th July '91    Design & Planning • AD Empire



## বাণী

বর্তমান বিশ্বের অন্যতম গুরুতর সমস্যা জনসংখ্যার বিস্ফোরণ রোধে কার্যকর ও স্বতঃস্ফূর্ত কর্মসূচী বাস্তবায়নের জন্যে সার্বজনীন সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিশ্ব জনসংখ্যা দিবস পালিত হচ্ছে। দারিদ্র ও ক্ষুধা বিমোচন, নিরক্ষরতা দূরীকরণ, জনসংখ্যা ও পরিবেশের ভারসাম্য রক্ষা এবং জীবনমান বৃদ্ধির মাধ্যমে জনসম্পদ উন্নয়ন ও মহিলাদের ব্যাপকভাবে গঠনমূলক কার্যক্রমে অংশগ্রহণসহ সামগ্রিক উন্নয়ন প্রক্রিয়া ত্বরান্বিত করতে হলে জনসংখ্যার আশংকাজনক বৃদ্ধি রোধ করা একান্ত অপরিহার্য।

বাংলাদেশ পৃথিবীর সবচেয়ে ঘনবসতিপূর্ণ দেশ। অপরিসর আয়তন, সম্পদের অপ্রতুলতা, কৃষি জমির অভাব ও কৃষির ওপর নির্ভরশীলতা এবং শিল্প, শিক্ষা ও প্রযুক্তির ক্ষেত্রে অনগ্রসরতার কারণে আমরা বিশ্বের সবচেয়ে জনসংখ্যাবহুল দারিদ্র-পীড়িত দেশ। জনসংখ্যা বিস্ফোরণ সমস্যার দ্রুত, বাস্তবোচিত ও কার্যকর সমাধানের সঙ্গে আমাদের জাতীয় অস্তিত্বের প্রশ্নটি গভীরভাবে জড়িত। দীর্ঘদিনের অভিজ্ঞতার আলোকে দেখা যায় এই সমস্যাটি খুবই জটিল এবং এর সমাধান শিক্ষা, স্বাস্থ্য ও জনগণের জীবনমানসহ দেশের সামগ্রিক উন্নয়নের সঙ্গে সম্পৃক্ত। বিপুল অর্থ ব্যয় ও জনশক্তি নিয়োগ করা সত্ত্বেও অদ্যাবধি জনসংখ্যা সমাধানে আমাদের সীমিত অগ্রগতির কারণ খুঁজে বের করা আজ জরুরী।

অতীত কার্যক্রমের পর্যালোচনা এবং বর্তমানে বাস্তবতার নিরিখে জনগণের সচেতন ও স্বতঃস্ফূর্ত সমর্থনের মাধ্যমে এই ভয়াবহ সমস্যা সমাধানে একটি পরিকল্পিত ও সুসমন্বিত কার্যসূচী বাস্তবায়নে সবাইকে তৎপর হতে হবে। তবেই দ্রুত দারিদ্র বিমোচনের মাধ্যমে আমাদের সন্তানদের সুখী, সমৃদ্ধ ও সুন্দর ভবিষ্যৎ নিশ্চিত করা সম্ভব হবে। অনুষ্ঠান সর্বস্বতায় পর্যবসিত না হয়ে "বিশ্ব জনসংখ্যা দিবস" উদ্দেশ্য বাস্তবায়নে আমাদের সবার মধ্যে প্রয়োজনীয় উদ্যম সঞ্চার করুক।

সাহাবুদ্দীন আহমদ
অস্থায়ী রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ



## MESSAGE

This year marks the second time the world community will observe 11 july world population day. Last year, unfpa was heartened by the response of over ninety governments, the hundreds of organizations, schools, communities and the countless individuals who joined us in marking this important occasion. Rapid population growth, with mounting poverty, the alarming depletion of natural res ources, damage to the environment, migratory pressures, burgeoning cities, and unmet needs in education, health, employment and housing, threatens the present and future quality of life on our planet. we can reverse or at least slow these trends. concerted action now by international orga-nizations, governments, communities, grassroots organiz-ations and individuals can affect population growth and its distribution. Slower, more balanced population growth has a positive impact on the environment, the economy and the social development of every nation. Expanded family planning programmes and servic-es, improved access to education and health care, improvements in women's status and equality of opportunity are needed. responsib-ility for the future begins today. concern must be transf-erred into effective action. Please join us in celebrating world population day 1991.

Dr. Nafis Sadik.
Executive Director.
United nations
Population fund (unfpa).

# ENVIRONMENT, DEVELOPMENT AND POPULATION OF BANGLADESH

Md. Najmul Huq
Director General
Directorate of Family Planning

"The nations of the world are resolved as never before on the need for action to slow population growth and to achieve a balance between population, development and the natural environment which sustains us all."

This was remarked by Dr. Nafis Sadik, Executive Director of the UN Population Fund on the occasion of the World Population Day' 91.

It is obvious from the above remark of the Executive Director that the population problem is not a single problem of the world but a bundle of new other problems have emanated from it. If we speak of environment, we should, at first, consider the problem of population growth. For the problems relating poverty, population, natural resources and environmet are in one way or another, interrelated. Particularly, environment and population are closely interrelated.

On this year's World Population Day emphasis has been given on population development and proper protection of environment, because the balanced population of a country helps develop the socio-economic and environmental condition of that country.

Excessive population tremendously hinders the economic growth of the poor developing countries. As the population increases so does the environmental pollution. To meet the demand of the excess population, forests are getting denuded; soil erosion is encreasing owing to constant pressure on it and this vast areas are turning into dust bowls.

At the same time, the surface of the earth is getting heated and the atmosphere getting polluted. Consequently, the ozone layer of the atmosphere is thining and the sea level is increasing. This from the environmental point of view, the earth is being continuously threatened.

Recently, a world-wide awareness has grown that such natural changes threaten the existence of human beings.

The developing countries, too, are taking care in manpower development and maintenance of natural balance. Because, in these countries, the multifarious demands of the growing population are exerting a tremendous pressure on the standard of environment and limited resources. On the other hand, the deteriorating environment and resource constraints are also creating empediment in meeting the basic needs of the people.

The two major problems of the developing countries are : poverty and ecological crisis. At the root of these two problems are the burgeoning population and the basic needs of this ever growing population. To meet their needs, there is an increasing pressure on the cultivable land. Further, the increasing need for housing is resulting in a decrease in cultivable land. Combined wilh these, the needs for fuel and others are leading the destruction of the forests. Bangladesh is no exception to this. The forest area in Bangladesh is very small. It is only 16.85 percent of total land area. Out of this forest area with abundant trees is not more than 10 percent. Where as 25 percent of total land area is needed for any country for the maintenance of proper environment. The population scenario of Bangladesh is rather dismal. 793 people live per square kilometer in the country of 1,43,998 square kilometers.

It has almost the highest population density in the world. Excessive high birth rate and low death rate have resulted in doubling the population in 33 years. If this rate continues, the population will again double in 33 years. Another disquieting aspect of the population of Bangladesh is its age structure. 46 percent of the total population is within 15 years of age. Of the total female population, 48.4 percent are within the reproductive age groups of 15-49 years. Eighty million people of the country are illeterate, of whom more than half are women. In such an adverse situation, it is very difficult to bring down the growth rate of population to a tolerable level. Moreover, there are the problems of early- marriage, limited scope for female education, limited employment opportunities for women. The high death rate of infants and newborns leads to a high reproduction rate. Poverty, unemployment, illiteracy, malnutrition, insufficient sanitation arrangement and, above all, social superstitions etc. are still the main obstacles for improved health, responsible parenthood and high living standard.

The population of Bangladesh is now about 11 crores. If this figure doubles in 33 years, none can imagine what will happen. Then the government will fail to meet the basic needs of the people like food, cloth, shelter and medicare. Furthermore, the wide imbalance in population size and rosources will result in extreme poverty and unemploymet. Social instabiliy will worsen, ecological balance will disrupt and desertisation process may start. As such, the environment may also be threatened. Development will be dangerously blocked. That is why, upholding such practicalities, the government has framed the problem as the first and formost problem and has given top priority to figthing this problem. The efforts are in continual progress to grow consciousness in the people about the dreadful growth rate of population.

It was admitted in Third Five Year Plan period that population growth was the major obstacle to socio economic development. In that plan period, the aspects emphasized were to make opportunities for greater community participation in the family planning programme by creating awareness among them about the hazards of population growth, to strengthen political commitment towards the programme, to reduce the death rate of the infants and the newborns by upgrading maternity and infant health services and above all, to upgrade the standard of the service of the Family Planning Programme. At that time, the demographic target was set to reduce the growth rate of population from 2.4 percent in 1985 to 1.8 percent in 1990. In the Third Five Year Plan period, a few fixed targets were achieved. For example, the rate of contraceptive prevalence rose to 40 percent as targetted. Death rate of infants fell from 125 per thousand to 110. The total fertility rate fell from 7 in 70's to 4.5 . The desired number of children also fell from 4 to 2.1. The recently published draft census report hints at the reduction in the growth rate of population.

While formulating the Fourth

See Page 11



## বাণী

আজ বিশ্ব জনসংখ্যা দিবস। জনসংখ্যা, উন্নয়ন এবং প্রাকৃতিক পরিবেশের মধ্যে ভারসাম্য রক্ষার লক্ষ্যে বিশ্বের সকল জাতির সাথে আমাদের দেশেও এ দিবসটি যথাযথ গুরুত্বের সাথে উদ্‌যাপিত হচ্ছে জেনে আমি আনন্দিত।

পৃথিবীর সবচেয়ে ঘনবসতিপূর্ণ আমাদের এই বাংলাদেশে জনসংখ্যার চাপ ইতিমধ্যেই সহনশীল অবস্থা পেরিয়ে গেছে। বন্যা, খরা, ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাসের মত প্রাকৃতিক দূর্যোগে অধিক জনসংখ্যা অধ্যুষিত এ দেশটি ব্যর বার ক্ষয়ক্ষতির সম্মুখীন হচ্ছে। প্রাকৃতিক ভারসাম্য রক্ষা এবং উন্নয়ন কর্মকাণ্ডের অগ্রগতির স্বার্থে আমাদেরকে দলমত নির্বিশেষে ঐক্যবদ্ধ ভাবে জনসংখ্যা বিস্ফোরণ রোধ করতে হবে। তাই ভবিষ্যৎ প্রজন্মের জন্য সুন্দর সুখী সমৃদ্ধশালী দেশ প্রতিষ্ঠার লক্ষ্যে আমাদিগকে পরিকল্পিত পরিবার গড়ার জন্য সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যেতে হবে।

আমি এ দিবসের সার্বিক সাফল্য কামনা করছি।

চৌধুরী কামাল ইবনে ইউসুফ
মন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## POPULATION DAY 1991

### THE PRIORITIES

* **Eradicating poverty and hunger** — 1.2 billion people still live in absolute poverty.
* **Slower, more balanced population growth** — The 1990s will see the largest increase in the population of developing countries of any decade in history.
* **Protecting the environment** — Poverty and population growth combine for environmental degradation.
* **Cleaner technologies** — Transfer of clean technology allows development without damage to the environment.
* **Human-centred development** — Better health, education and social services, including family planning.
* **Status of women** — Investment in women is the key to development.

### WORLD POPULATION AT A GLANCE

| | |
|---|---|
| YR. 1950 – 252 Cr. | YR. 1980 – 450 Cr. |
| YR. 1960 – 302 Cr. | YR. 1990 – 530 Cr. |
| YR. 1970 – 370 Cr. | YR. 2000 – 625 Cr. (Projected) |

### POPULATION OF BANGLADESH

| | |
|---|---|
| YR. 1951 – 4.21 Cr. | YR. 1981 – 8.99 Cr. |
| YR. 1974 – 7.64 Cr. | YR. 1991 – 11.63 Cr. |
| YR. 1978 – 8.47 Cr. | |



## বাণী

বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও যথাযোগ্য গুরুত্ব ও মর্যাদার সংগে "বিশ্ব জনসংখ্যা দিবস" উদ্‌যাপিত হচ্ছে। আমাদের দেশের আর্থ-সামাজিক ও জনমিতিক প্রেক্ষাপটে এ দিবসটির গুরুত্ব অপরিসীম।

আমাদের মতো উন্নয়নশীল দেশে সরকারের সামগ্রিক উন্নয়ন কর্মকাণ্ড তথা জনগণের দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে গৃহীত কৃষি, শিল্প, শিক্ষা, স্বাস্থ্য প্রভৃতি সকল ক্ষেত্রে সাফল্য নির্ভর করছে একটি কর্মক্ষম পরিকল্পিত জনসম্পদ উন্নয়নের উপর। জনসংখ্যাকে পূর্ণ নির্ভরযোগ্য জনসম্পদে রূপান্তরিত করতে হলে জনসংখ্যা কার্যক্রমকে সকল উন্নয়ন প্রচেষ্টার সংগে সম্পৃক্ত করতে হবে। সেই সাথে ব্যাপক জনগোষ্ঠীর নিরক্ষরতা দূরীকরণের পাশাপাশি তাদের মধ্যে ছোট পরিবার গড়ে তোলার আগ্রহ সৃষ্টি করতে হবে।

সম্পদের সীমাবদ্ধতা এবং অর্থনীতির অনগ্রসরতার কারণে দেশের মানুষের খাদ্য, বস্ত্র, বাসস্থান, শিক্ষা ও চিকিৎসার মতো মৌলিক চাহিদা মেটানো দুরুহ হয়ে উঠেছে। সেই সাথে প্রায় প্রতি বছর বন্যা, ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাসের মতো সর্বনাশা প্রাকৃতিক দুর্যোগও আছে। যা দেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নকে দারুণভাবে ব্যাহত করছে। অধিক জনসংখ্যার কারণে দেশের বর্তমান প্রাকৃতিক সম্পদের উপর চাপ ক্রমশঃ বৃদ্ধি পাচ্ছে। একই ভাবে প্রকৃতি ও পরিবেশের ভারসাম্য হচ্ছে বিনষ্ট।


তাই আমাদের উন্নয়ন প্রচেষ্টার অবিচ্ছেদ্য অংশ হিসেবে পরিকল্পিত জনসংখ্যা গড়ে তোলার কার্যক্রমকে অগ্রাধিকার প্রদান অপরিহার্য। এ ব্যাপারে সরকারের উদ্যোগকে সফল করার জন্য সমাজের সকল স্তরের জনগণের সহযোগিতা একান্তভাবে কাম্য। সুখী ও সমৃদ্ধ ভবিষ্যৎ রচনায় পরিবার ছোট রাখার গুরুত্ব সকলে উপলব্ধি করুক বিশ্ব জনসংখ্যা দিবসে এটাই আমাদের প্রত্যাশা।

আমি বিশ্ব জনসংখ্যা দিবসের সাফল্য কামনা করি।

খালেদা জিয়া
প্রধান মন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## বাণী

গত ২ ফেব্রুয়ারী দেশ ব্যাপী জাতীয় জনসংখ্যা দিবস পালিত হয়েছে। একই বছরে ১১ জুলাই '৯১ তারিখে আমরা উদ্‌যাপন করছি "বিশ্ব জনসংখ্যা দিবস"। জনসংখ্যা বৃদ্ধি বর্তমানে বিশ্ব ব্যাপী এক নিদারুণ সংকট সৃষ্টি করছে। আগামী দিনগুলোতে এ সংকট আরও ভয়াবহ পরিস্থিতি সৃষ্টি করতে পারে। এ সমস্যার ব্যাপারে সার্বজনীন সচেতনতা সৃষ্টি ও বিশ্বের জনসংখ্যাকে একটি সহনশীল পর্যায়ে সীমিত রাখার প্রয়োজনে বিশ্ব ব্যাপী এ দিবসটি যথাযোগ্য মর্যাদা ও গুরুত্বের সাথে উদযাপিত হচ্ছে। জনসংখ্যা বৃদ্ধি সমস্যা আজ কোন দেশেরই একক সমস্যা নয়। এ সমস্যা সর্বব্যাপী এবং সমষ্টিগতভাবে বিশ্ব মানুষের স্বাভাবিক অস্তিত্বের প্রতি হুমকি স্বরূপ। বিশেষ করে উন্নয়নশীল বিশ্বের দেশগুলোর উন্নয়ন এ জন্য দারুণভাবে বিঘ্নিত হচ্ছে। বিশ্ব পরিবেশ দিন দিন মনুষ্য বাসের অনুপযোগী হয়ে উঠেছে। বিশ্বের সম্পদ, উন্নয়ন ও প্রাকৃতিক স্বাভাবিক



পরিবেশের মধ্যে ভারসাম্যহীনতার কারণে মানুষের অগ্রযাত্রা হচ্ছে ব্যাহত। উন্নয়নশীল দেশ হিসেবে বাংলাদেশের ক্ষেত্রে এ পরিস্থিতি অধিকতর নাজুক। তাই বিশ্বের মানচিত্রে বাংলাদেশের মর্যাদাকে সমুন্নত রাখতে হলে উন্নয়ন প্রচেষ্টার অবিচ্ছেদ্য অংশ হিসেবে পরিবার পরিকল্পনা কর্মসূচীকে সাফল্যের সাথে এগিয়ে নিতে হবে।

বিশ্ব জনসংখ্যা দিবসে আমাদের এই অংগীকার সুদৃঢ় হোক।

খন্দকার আসাদুজ্জামান
সচিব
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়